ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০৪ সংখ্যা : ১৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ জুন ২০২২ খ্রি.

# মুজিববর্ষে ডিপিডিসি'র বিশেষ প্রকাশনা "অপরাজেয়" এর মোড়ক উন্মোচন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ৩০ মার্চ, ২০২২ খ্রি. তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে বিশেষ প্রকাশনা "অপরাজেয়" এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ এবং সত্যজিত কর্মকার, চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয় স্মার্ট গ্রিডের উপর গুরুত্বারোপ করে বলেন, প্রযুক্তির ব্যবহার করে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আরো আধুনিকায়ন করতে হবে যাতে করে বিদ্যুৎ অপচয় রোধ করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যায়। এ সময় তিনি ডিপিডিসি'র বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের কথা শুনে বেশ সন্তোষ প্রকাশ করেন এবং তা অব্যাহত রাখার আশা প্রকাশ করেন।

ডিপিডিসি'র বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির প্রশংসা করে বিশেষ অতিথির বক্তব্যে মো: হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ বলেন, গ্রাহকসেবা এবং ডিজিটাল পদ্ধতিতে বিতরণ ব্যবস্থার আধুনিকায়নে বিদ্যুৎ সেক্টরের অন্যান্য সংস্থার চেয়ে ডিপিডিসি অনেক এগিয়ে। এ সময়ে বিইপিআরসি'র চেয়ারম্যান (সচিব) সত্যজিত কর্মকার ডিপিডিসি'র বিশেষ প্রকাশনা "অপরাজেয়" এর প্রশংসা করে বলেন, এ ধরনের প্রকাশনা যত বেশি হবে স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও জাতির পিতা সম্পর্কে আমরা ততো বেশি জানতে পারবো যা আমাদের সামনে চলার জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

উক্ত মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মুজিববর্ষ উপলক্ষে ডিপিডিসি'র সার্বিক কার্যাবলী তুলে ধরে ভবিষ্যতেও এই ধারা চলমান রাখার আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিসরূপ আন্ডারগ্রাউন্ড ক্যাবল (নর্থ-১) এবং এনওসিএস রমনা দপ্তরকে 'শ্রেষ্ঠ' পুরস্কার প্রদান করা হয়। এছাড়াও গ্রাহক সেবার বিষয়ে একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয় যেখানে ডিপিডিসি'র বিভিন্ন ডিজিটাল কার্যক্রম এবং সেবার বিষয়ে গ্রাহকদের অবহিত করা হয়।

উক্ত অনুষ্ঠানে ডিপিডিসি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত ছিলেন।

# নারায়ণগঞ্জে ভূগর্ভস্থ ক্যাবল নেটওয়ার্ক স্থাপন শুরু



বিদ্যুৎ দূর্ঘটনা প্রতিরোধ ও গ্রাহকের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা এবং শহরের দৃষ্টিনন্দন পরিবেশ রক্ষার উদ্দেশ্যে ডিপিডিসি ওভারহেড লাইনের খুঁটি ও তার মাটির নিচে অর্থাৎ ভূগর্ভস্থ ক্যাবল নেটওয়ার্ক স্থাপন করার কাজ হাতে নিয়েছে। ১৩২ কেভি লেভেল থেকে ০.৪ কেভি পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নয়নের জন্য ইতোমধ্যে রাজধানীর কিছু কিছু এলাকায় ভূগর্ভস্থ বিদ্যুৎ ক্যাবল নেটওয়ার্ক স্থাপনের কাজ শুরু করা হয়েছে। ডিপিডিসি'র কর্ম পরিকল্পনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও দক্ষিণ সিটি কর্পোরেশন ছাড়াও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় আরও উন্নত বিদ্যুৎ সেবা প্রদানের বিষয়ে ১২ মে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সম্মেলন কক্ষে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ও সিটি মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভি'র মধ্যে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় মেয়রের কাছে ডিপিডিসি'র পক্ষ হতে নারায়ণগঞ্জ এলাকায় ডিপিডিসি'র বিদ্যুৎ ব্যবস্থার পরিস্থিতি, ভবিষ্যৎ পরিকল্পনা এবং বিশেষ করে ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণের কারিগরি ও সার্বিক উন্নয়নের বিষয় তুলে ধরা হয় এবং নারায়ণগঞ্জে বিদ্যুৎ অবকাঠামো উন্নয়নে মেয়র মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। বিশেষ এ সভায় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভি তার বক্তব্যে নারায়ণগঞ্জের বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি অত্যন্ত ভালো মন্তব্য করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দেওয়ার জন্য ডিপিডিসি'র প্রশংসা করেন। তিনি ভবিষ্যতে নারায়ণগঞ্জে ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ লাইন স্থাপনে তথা সকল প্রকার বিদ্যুৎ অবকাঠামো নির্মাণে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সহযোগিতা সবসময় থাকবে বলে আশ্বাস প্রদান করেন এবং ডিপিডিসিকে গ্রাহকের সেবা কার্যক্রমকে আধুনিকায়ন করার পরামর্শ প্রদান করেন।

# ডিপিডিসি'তে ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান







জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনার আওতায় ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ২০২০-২১ অর্থবছরের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদান করেছে। গত ২৯ মে ২০২২ বিদ্যুৎ ভবনে অবস্থিত ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। দাপ্তরিক কর্মকাণ্ড ও দায়িত্ব পালনের ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ কর্মকর্তা ক্যাটাগরিতে ২০২০-২১ অর্থ বছরে নির্বাহী প্রকৌশলী আ. ন. ম নাজমুল হক, প্রকল্প পরিচালক, এক্সপানশন এন্ড স্ট্রেংথেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া (জিটুজি) এবং কর্মচারী ক্যাটাগরিতে অফিস অ্যাসিস্ট্যান্ট কাম কম্পিউটার অপারেটর মো: আলম হোসেন, প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ) পুরস্কার লাভ করেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তাঁর বক্তব্যে দুর্নীতি প্রতিরোধ করে শুদ্ধাচার চর্চার মাধ্যমে গ্রাহককে দ্রুততার সাথে সেবা প্রদানের ক্ষেত্রে গুরুত্বারোপ করেন। তিনি তাঁর বক্তব্যে শুদ্ধাচার চর্চায় সকল অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন এবং তাঁদের মতামত গ্রহণের মাধ্যমে সেবার মান উন্নয়নের পরামর্শ প্রদান করেন। পুরস্কার প্রাপ্তদেরকে প্রণোদনা হিসেবে সনদপত্র ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব, মহাব্যবস্থাপক-সহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে যোগদান করেন।

## নবনিযুক্ত নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) মোঃ শাহরিয়াজকে ফুলেল শুভেচ্ছা

ডিপিডিসিতে গত ২৬ মে ২০২২ তারিখে নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) পদে যোগদান করেন যুগ্মসচিব জনাব মোঃ শাহরিয়াজ, পিএএ। ২০তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের এই চৌকষ কর্মকর্তা ডিপিডিসিতে যোগদানের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে যুগ্মসচিব হিসেবে কর্মরত ছিলেন। নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচআর) পদে যোগদানের পর ডিপিডিসি পরিবারের পক্ষ হতে তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।



## স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের জন্য চুক্তি স্বাক্ষর




জ্বালানি সাশ্রয়, দক্ষ, নিরাপদ ও টেকসই ব্যবহার এবং গ্রাহকবান্ধব উভয়মুখী যোগাযোগ সুবিধা তথা গ্রাহকসেবার মান উন্নয়নে ডিপিডিসিতে ইতোমধ্যে Advanced metering infrastructure (AMI) প্রবর্তন করে স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপনের কাজ শুরু হয়েছে।

গত ১৭ এপ্রিল ২০২২ তারিখে হোটেল ইন্টার কন্টিনেন্টালে ডিপিডিসি'র Advanced metering infrastructure (AMI) স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন প্রকল্পের আওতায় 'Design, Supply, Installation, Testing & Commissioning of Smart Pre-Payment Meters at Different NOCS Under DPDC Area With Related Services On Turn Key Basis' শীর্ষক কাজের প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ এর চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্যাকেজ-২ কাজ বাস্তবায়নের জন্য JVCA of Computer Services Ltd & Landis+Gyr এর সাথে এবং প্যাকেজ-৩ কাজ বাস্তবায়নের জন্য Wasion Group Ltd JV Global Marketing Services এর সাথে ডিপিডিসি'র চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় প্রতিটি প্যাকেজে ডিপিডিসি'র বিভিন্ন এনওসিএস-এ ২.৫ লক্ষ করে মোট ৫ লক্ষ স্মার্ট প্রিপেইড মিটার স্থাপন করা হবে। ডিপিডিসি'র পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন কোম্পানি সচিব মোঃ আসাদুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রকল্পের প্রথম পর্যায়ে পরীবাগ, গ্রীনরোড, বশিরউদ্দিন রোড, লেক সার্কাস কলাবাগান, কাঁঠালবাগান, ফ্রি স্কুল স্ট্রিট রোড, আল-আমিন রোড, পুকুড় পাড়, এরোপ্লেন মসজিদ রোড, হাতিরপুল বাজার, এলিফ্যান্ট রোড, নিউ এলিফ্যান্ট রোড, পান্থপথ (আংশিক), সোনারগাঁও রোড, কাঁটাবন, সাইন্সল্যাব ও তৎসংলগ্ন এলাকায় স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপন করা হবে। প্রি-পেমেন্ট মিটারে বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণ রিবেট হিসেবে ১% বোনাস পেয়ে থাকেন।

# জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ডিপিডিসি'র আয়োজনে আলোচনা সভা





হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ১৭ই মার্চ, ২০২২ ডিপিডিসি'র সম্মেলন কক্ষে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যুৎ বিভাগের সচিব ও চেয়ারম্যান পরিচালনা পর্ষদ, ডিপিডিসি মোঃ হাবিবুর রহমান প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিইপিআরসি চেয়ারম্যান (সচিব) সত্যজিত কর্মকার। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভায় বিপিডিবি ও আরইবি এর চেয়ারম্যান মহোদয়, পাওয়ার সেল এর মহাপরিচালকসহ বিদ্যুৎ বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী, মহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। এছাড়া ডিপিডিসি'র সকল ম্যানেজার, নির্বাহী প্রকৌশলী, ডিজিএম, তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ভার্চুয়ালি সভায় সংযুক্ত থাকেন। আনন্দঘন এ আলোচনা সভায় বক্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর জীবন, সংগ্রাম, দর্শন বাঙালি জাতি ও স্বাধীনতা সংগ্রামে তাঁর লড়াই ও রাষ্ট্র পরিচালনার বিভিন্ন দিক তুলে ধরেন।

অনুষ্ঠানের প্রারম্ভে ডিপিডিসি'র মুজিব কর্নারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয় এবং কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

## ৭ মার্চ উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি সম্মান জানিয়ে ধানমন্ডির ৩২নম্বরে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করে ডিপিডিসি পরিবার।

## নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রদানের লক্ষ্যে দোকান মালিক সমিতির সাথে ডিপিডিসি'র মত বিনিময় সভা



রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ২০ মার্চ ২০২২ ডিপিডিসি'র সম্মেলন কক্ষে ডিপিডিসি'র সাথে দোকান মালিক সমিতি'র এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় দোকান মালিক সমিতি'র কাছে ডিপিডিসি'র সেবা ও বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয় এবং এ বিষয়ে ফলপ্রসু আলোচনা হয়।

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.org.bd

বিদ্যুৎ গ্রাহকের যে কোন
অনুসন্ধান, সেবা ও অভিযোগ এর
জন্য কল করুন
১৬১১৬

# ডিপিডিসি'র স্পেশাল টাস্কফোর্স কার্যক্রম এর প্রতিবেদন

| মার্চ : ২০২২ থেকে মে : ২০২২ পর্যন্ত | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৫৪ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৩৩ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৩ লক্ষ ২২ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০১ কোটি ১৪ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ৮৯ লক্ষ টাকা |
| মালামাল জব্দ | ৫৫ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |

ডিপিডিসি'র কোম্পানি সচিব মোঃ আসাদুজ্জামানের নেতৃত্বে স্পেশাল টাস্ক ফোর্সের অধীনে অবৈধ বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুৎ চুরি উদ্ঘাটনের অভিযান নিয়মিতভাবে পরিচালিত হয়ে আসছে। মার্চ-২০২২ থেকে মে-২০২২ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :

- ধানমন্ডি দপ্তরের গ্রাহক আব্দুস সাত্তার এর আবাসিক স্থাপনায় ১২.২৭ লক্ষ টাকার পেনাল বিল।
- বনশ্রী দপ্তরের গ্রাহক মোঃ আবুল হাসেম এর আবাসিক স্থাপনায় ৫.৬৪ লক্ষ টাকার পেনাল বিল।
- বনশ্রী দপ্তরের গ্রাহক গ্লোবাল ডেভ. কো. লি. এর আবাসিক স্থাপনায় ৮.৬৭ লক্ষ টাকার পেনাল বিল।
- শীতলক্ষা দপ্তরের গ্রাহক মোঃ লিয়াকত হোসেন এর আবাসিক স্থাপনায় ৭.৫৩ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক রাজিয়া সুলতানা এর স্থাপনায় ৫.১১ লক্ষ টাকার পেনাল বিল।
- বাসাবো দপ্তরের গ্রাহক মোঃ খলিল শেখ এর আবাসিক স্থাপনায় ৬.৭৩ লক্ষ টাকার পেনাল বিল।
- কাজলা দপ্তরের গ্রাহক মোঃ আলফাজ উদ্দিন দেওয়ান এর স্থাপনায় ১২.৬৮ লক্ষ টাকার পেনাল বিল।



*এনওসিএস স্বামীবাগ, ডিপিডিসি আওতাধীন দয়াগঞ্জ ও মুরগিটোলা এলাকায় অবৈধ বিদ্যুৎ সংযোগ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে বিপুলসংখ্যক তার জব্দ করা হয়*

## ডিপিডিসি'র সাথে ফ্রান্সের AFD এবং ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধি দলের সাক্ষাৎ




"ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা উন্নয়নের জন্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপন এবং স্মার্ট গ্রীড ব্যবস্থা প্রবর্তন" শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য ফ্রান্সের AFD এবং ইউরোপিয়ান ইউনিয়নের একটি প্রতিনিধি দল ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সাথে ৩০ মার্চ ২০২২ সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাঁরা প্রকল্প কাজের অগ্রগতি এবং ডিপিডিসি'র বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার আধুনিকায়নের পদক্ষেপে সন্তোষ প্রকাশ করেন।

## পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস উপলক্ষে ডিপিডিসিতে আলোচনা সভা

পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস উপলক্ষে ডিপিডিসি'র কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ডিপিডিসি-তে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান মহোদয়ের সভাপতিত্বে পেশাগত স্বাস্থ্য এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাপনায় এমপ্লয়ি ও গ্রাহকদের নিরাপত্তা বিষয়ক ২টি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয় হলো "নিশ্চিত করি শোভন কর্ম পরিবেশ, সমৃদ্ধ হবে বাংলাদেশ"। অনুষ্ঠানে ডিপিডিসি'র মেডিকেল অফিসার ডা. তামাতুন ইসলাম তানহা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন ডিপিডিসি'র চিফ মেডিকেল অফিসর ডা. শেখ মঈনুল হোসেন।



# বিদ্যুৎ বিভাগের স্বাধীনতা পুরস্কার ২০২২ অর্জন






মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে বর্তমান সরকার নিরলস প্রচেষ্টার মাধ্যমে দেশের শতভাগ মানুষকে বিদ্যুতের আওতায় নিয়ে এসেছে। গত ২১ মার্চ ২০২২ খ্রি. তারিখে দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে বাংলাদেশ শতভাগ বিদ্যুতায়ন অর্জন করে। সরকারের এই অসামান্য অর্জনে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) গর্বিত অংশীদার। মুজিববর্ষে দেশের শতভাগ বিদ্যুতায়ন সফলভাবে সম্পন্ন করা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বিদ্যুৎ বিভাগ স্বাধীনতা পুরস্কার-২০২২ অর্জন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট হতে বিদ্যুৎ বিভাগের পক্ষে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি এ পুরস্কার গ্রহণ করেন। বিদ্যুৎ বিভাগের এ অসামান্য অর্জনের অংশীদার হিসেবে ডিপিডিসি'র পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।

# বিশ্ব পরিবেশ দিবস ২০২২ উপলক্ষে ডিপিডিসিতে মত বিনিময় সভা এবং গণশুনানির আয়োজন




"একটাই পৃথিবী: প্রকৃতির ঐকতানে টেকসই জীবন" প্রতিপাদ্যকে সামনে রেখে ০৫ জুন ২০২২ খ্রি. তারিখে বিশ্ব পরিবেশ দিবস ২০২২ উপলক্ষে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-র সম্মেলন কক্ষে নির্বাহী পরিচালক (অপারেশন্স) আব্দুর রউফ খানের সভাপতিত্বে মত বিনিময় সভার এবং গণশুনানীর আয়োজন করা হয়। সভায় ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে ডিপিডিসি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং গ্রাহকরাও সংযুক্ত ছিলেন। উক্ত মতবিনিময় সভায় ডিপিডিসি'র নির্বাহী পরিচালক মহোদয়গণ সম্মানিত গ্রাহকগণের সঙ্গে ফেসবুক লাইভে মতবিনিময় করেন। এ সময় তারা গ্রাহকদের থেকে বিভিন্ন মতামত নেন এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়ার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) মোঃ শাহরিয়াজ, পিএএ পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্বারোপ করে বলেন, টেকসই ও আনন্দময় জীবন গড়ার জন্য টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি ব্যবহরের ক্ষেত্রে আরও বেশি মনোযোগী হতে হবে এবং পরিবেশ নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে। অনুষ্ঠানে ডিপিডিসি'র গ্রাহকরা বিভিন্ন এনওসিএস অফিস থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হয়ে তাদের মূল্যবান বক্তব্য প্রদান করেন। তাছাড়া, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সকল এনওসিএস কর্তৃক ন্যূনতম ৫জন গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত রুফটপ সোলার সঠিক আছে কি না তা পরিদর্শন করা হয়।

# বিশ্ব ভোক্তা অধিকার দিবস ২০২২ উপলক্ষে ডিপিডিসি'তে মতবিনিময় সভা অনুষ্ঠিত



"ডিজিটাল আর্থিক ব্যবস্থায় ন্যায্যতা" এ প্রতিপাদ্যকে সামনে রেখে ১৫ মার্চ ২০২২ খ্রি. তারিখে বিশ্ব ভোক্তা অধিকার দিবস ২০২২ উপলক্ষে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-র সম্মেলন কক্ষে নির্বাহী পরিচালক (অপারেশেন্স) আব্দুর রউফের সভাপতিত্বে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে ডিপিডিসি'র বিভিন্ন এনওসিএস এবং গ্রাহকরাও সংযুক্ত ছিলেন। মতবিনিময় সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক সম্মানিত গ্রাহকগণের সঙ্গে ফেসবুক লাইভে মতবিনিমিয় করেন। এ সময় তিনি গ্রাহকদের বিভিন্ন মতামত নেন এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়ার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক বলেন, ডিপিডিসি একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। গ্রাহকরাই হচ্ছে ডিপিডিসি'র মূল অস্তিত্ব ও প্রাণ। সেবা প্রদানের শ্রেষ্ঠত্বের সঙ্গে মানসম্মত বিদ্যুৎ বিতরণ এবং গ্রাহকদের অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ডিপিডিসি'র ডিজিটাল কার্যক্রমসমূহ আরো জোরদার করে গ্রাহকসেবা সহজীকরণের উপর গুরুত্বারোপ করেন। স্বাগত বক্তব্য রাখতে গিয়ে নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) বলেন, ডিপিডিসি'র সকল কর্মকর্তার দায়িত্ব সম্মানিত গ্রাহকদের অধিকার নিশ্চিত করা। গ্রাহকদের ভোক্তা অধিকার নিশ্চিত করার জন্য গ্রাহকদেরকে তাদের অধিকার সম্পর্কে জানতে হবে এবং মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করতে হবে। উক্ত মতবিনিময় সভায় গ্রাহকসেবার বিষয়ে একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয় যেখানে ডিপিডিসি'র বিভিন্ন ডিজিটাল সেবার বিষয়ে গ্রাহকদের অবহিত করা হয়। অনুষ্ঠানে ডিপিডিসি'র গ্রাহকরা বিভিন্ন এনওসিএস অফিস থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হয়ে তাদের মূল্যবান বক্তব্য প্রদান করেন।





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে একমাত্র দেশ হিসেবে শতভাগ বিদ্যুতায়ন অর্জনে সক্ষম হয়েছে। ডিপিডিসি এই অর্জনের গর্বিত অংশীদার। ২১ মার্চ ২০২২ তারিখে শতভাগ বিদ্যুতায়ন উপলক্ষে ঢাকার হাতিরঝিলে বিদ্যুৎ বিভাগ কর্তৃক এই মহান অর্জন উদ্‌যাপন।

"টেকসই উন্নয়নের জন্য আজ জেন্ডার সমতাই অগ্রগণ্য" প্রতিপাদ্যকে সামনে রেখে ডিপিডিসিতে নারী দিবস ২০২২ উদযাপন।



# ইঞ্জিনিয়ার্স ডে ২০২২ উপলক্ষে
# ডিপিডিসি'তে সেবা সপ্তাহ আয়োজন







ইঞ্জিনিয়ার্স ডে-২০২২ উপলক্ষে গ্রাহকদের নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ৭ মে-১২ মে, ২০২২ পর্যন্ত বিদ্যুৎ সেবা সপ্তাহ ঘোষণা করেছে। বিদ্যুৎ ভবনে অবস্থিত ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ও ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি)'র সাবেক সভাপতি প্রকৌশলী আবদুস সবুর। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে সংযুক্ত থাকেন প্রকৌশলী মোঃ শাহাদাৎ হোসেন (শীবলু), সাধারণ সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন, বাংলাদেশ (আইইবি)। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ডিজিটাল বাংলাদেশ আজ বাস্তবতা, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ক্ষেত্রে প্রকৌশলীরা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রযুক্তিভিত্তিক দেশ গঠনে প্রকৌশলীদের এগিয়ে আসার জন্য তিনি আহ্বান করেন। এছাড়াও তিনি বিগত বছরগুলোতে সিস্টেম লস হ্রাসের মাধ্যমে ডিপিডিসি-কে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার ক্ষেত্রে প্রকৌশলীদের ভূমিকার প্রশংসা করেন।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তার বক্তব্যে অবকাঠামো উন্নয়নে প্রকৌশলীদের ভূমিকার কথা তুলে ধরেন। উদ্ভাবন ও জ্ঞান চর্চার মাধ্যমে আগামীর চ্যালেঞ্জ মোকাবেলা ও ডিপিডিসি-কে একটি মডেল বিদ্যুৎ বিতরণ প্রতিষ্ঠানে পরিণত করার জন্য প্রকৌশলীদের প্রতি তিনি আহ্বান জানান। সেবা সপ্তাহে ডিপিডিসি'র গ্রাহকগণকে দ্রুততার সাথে নতুন সংযোগ প্রদান, মিটার ও নাম পরিবর্তন, বিদ্যুৎ বিল সংশোধন, প্রিপেইড মিটারের কার্ড রিচার্জ এবং তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও সমাধান করা হয়। এছাড়াও বৈদ্যুতিক দুর্ঘটনা সম্পর্কে গ্রাহকদের তথ্য প্রদানের মাধ্যমে সচেতন করা হয়। ডিপিডিসি'র ৩৬টি এনওসিএস বিভাগের মাধ্যমে গ্রাহকগণ তাৎক্ষণিকভাবে এসব সেবা পেয়েছেন। অনুষ্ঠানে 'ব্যবস্থাপক হিসেবে প্রকৌশলীদের ভূমিকা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) কাজী আশিকুর রহমান। ইঞ্জিনিয়ার্স ডে-২০২২ উপলক্ষে ডিপিডিসি-তে কর্মরত প্রকৌশলীদের মধ্য থেকে সার্বিক মূল্যায়নের মাধ্যমে আরিফ শাহরিয়ার, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)-কে শ্রেষ্ঠ প্রকৌশলী-২০২২ পুরস্কার প্রদান করা হয়। প্রধান অতিথি তাঁর হাতে পুরস্কার ও সনদ তুলে দেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলীসহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ভিডিও কনফারেন্সের মাধ্যমে ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে যোগদান করেন।





একটি আধুনিক ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ডিপিডিসি'র তত্ত্বাবধানে আন্ডারগ্রাউন্ড ক্যাবলিং নেটওয়ার্কের কাজ চলছে। স্থাপন করা হচ্ছে অত্যাধুনিক আর.এম.ইউ, লো টেনশন ডিস্ট্রিবিউশন বক্স এবং কিয়স্ক ট্রান্সফরমার। পাশাপাশি চলছে স্মার্ট গ্রিড বাস্তবায়নের কাজ।


সম্পাদক : **শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
সহ-সম্পাদক : **ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, **মো. মাজহারুল ইসলাম**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : **কে এম দুলাল**। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯
Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।